

চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেলকে বিশ্ববিদ্যালয় করা হবে: স্বাস্থ্যমন্ত্রী

নিজের প্রতিবেদক ●

চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, প্রধানমন্ত্রী আমাকে রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের কাজ শুরু করতে বলেছেন।

গতকাল বুধসপ্তিবার দুপুরে সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে ন্যাশনাল আই কেয়ার ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের যৌথ আয়োজনে গণমাধ্যম ব্যক্তিদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে মোহাম্মদ নাসিম এ কথা বলেন।

মোহাম্মদ নাসিম বলেন, আমি ছোট্ট একটা উপদেষ্টা কমিটি গঠন করব। এখানে সাংবাদিক প্রতিনিধিও রাখা হবে, যারা আমাকে মন্ত্রণালয় চাপাতে সাহায্য করবেন।

অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থ্য খাতে বিশেষ অবদানের জন্য সংগঠন হিসেবে ঢাকা রিপোর্টার্স ইউনিটি, বাংলাদেশ টেলিভিশন, ডেইলি স্টার, দৈনিক সময়কাল ও দৈনিক ইত্তেফাককে গণমাধ্যম এবং মনজুরুল আহসান বুলবুল, নাসিরুল ইসলাম খান, মুদ্রী সাহা ও সৈয়দ ইশতিয়াক বেজাকে গণমাধ্যম ব্যক্তিত্ব হিসেবে বিশেষ সম্মাননা প্রদান করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ন্যাশনাল আই কেয়ারের পরিচালক জালাল উদ্দিন। বক্তব্য দেন স্বাস্থ্যমন্ত্রী এম এম নিয়াজউদ্দিন।